দৈনিক বাংলা

তারিখ 14/11/80
পৃষ্ঠা ... কলাম ...

-111

# যশোর বোর্ডের উপহার !



(সংবাদদাতা)

মাগুরা, ১৪ই নভেম্বর।— যশোর বোর্ডের বদৌলতে পিতা-পুত্র একই ব্যক্তি রূপে চিহ্নিত হয়েছে। তবে তা বাস্তবে নয়, সার্টিফিকেটে এটা দেখা গেছে।

জানা গেছে, ১৯৭২ সালে সৈয়দ জহুরুল আলম মাগুরা কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশ গ্রহণ করে এবং ২য় বিভাগে উত্তীর্ণ হয়।

সম্প্রতি যশোর উচ্চমাধ্যমিক ও মাধ্যমিক শিক্ষা বোর্ড থেকে পাঠানো উত্তীর্ণ সনদপত্রে দেখা গেছে, পিতার নামের স্থানে পরি-রায় জহুরুল আলমের নাম লিখে পিতা-পুত্রকে একই ব্যক্তি রূপে চিহ্নিত করা হয়েছে। তার রেজি-স্ট্রেশন নং ২৫৬৭৭/১৯৬৭-৬৮ এবং সার্টিফিকেট ক্রমিক সংখ্যা ২৭১৪।

বোর্ড কর্তৃপক্ষের এই গাফিলতির দরুন চাকরিসহ বিভিন্ন স্থানে তাঁকে নানা প্রকার অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে।